# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 30 April, 2025

নেত্রকোণার বারহাট্টা উপজেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। হরিয়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তি প্রাপ্ত ৬৭ শিক্ষার্থীর মোবাইল অ্যাকাউন্ট নম্বর পরিবর্তনের ঘটনায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বুধবার (৩০ এপ্রিল) বিষয়টি জানাজানি হলে বারহাট্টার উপজেলা নির্বাহী কর্মকর্তা বরখাস্তের তথ্যটি নিশ্চিত করেন। এর আগে, গত ২২ এপ্রিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মো. মাসুদ রানা স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে মো. সিরাজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়।প্রজ্ঞাপনটি চলতি সপ্তাহের রবিবার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হয়।

জানা গেছে, ২০২৪-২৫ অর্থবছরের জুলাই ও ডিসেম্বর কিস্তিতে হরিয়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৭ জন শিক্ষার্থীর অভিভাবকের বিকাশ অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন করা হয়। বিষয়টি তদন্তে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর একটি কমিটি গঠন করে। প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা পাওয়ায় তদন্ত প্রতিবেদন মহাপরিচালকের কাছে জমা দেওয়া হয়।পরে মন্ত্রণালয় থেকে মো. সিরাজুল ইসলামকে সাময়িক বরখাস্তের আদেশ দেওয়া হয়।

এ বিষয়ে জানতে চাইলে সিরাজুল ইসলাম গণমাধ্যমকে বলেন, “মন্ত্রণালয় আমাকে বরখাস্ত করেছে বলে গতকাল মঙ্গলবার জানতে পেরেছি। তবে আমি এতে জড়িত নই। পাসওয়ার্ড হ্যাক করে অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন করা হয়েছিল। আমি এ বিষয়ে মামলা করেছি এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকেও জানিয়েছিলাম।আমি নির্দোষ।”

নেত্রকোণা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শহিদুল আজম জানান, বরখাস্ত সংক্রান্ত কাগজপত্র গত মঙ্গলবার বিকেলে হাতে পাওয়ার পর বিষয়টি সিরাজুল ইসলামকে জানানো হয়।এরপর থেকে তিনি আর কার্যালয়ে আসছেন না।

প্রাথমিক শিক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:53

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/1676286512